সমকাল
10 JAN 2015
পৃঃ ২ কলাম ২

# ইবি ফের বন্ধ, শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ

■ ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) ফের অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জরুরি সিন্ডিকেট বৈঠকে এ সিদ্ধান্ত নেয়। আজ সকাল ১০টার মধ্যে শিক্ষার্থীদের আবাসিক হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে বিশ্ববিদ্যালয়ের বাসে এক ছাত্র নিহতের জের ধরে গত ৩০ নভেম্বর বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। ৩৫ দিন বন্ধ থাকার পর ৫ জানুয়ারি বিশ্ববিদ্যালয় খুলে দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে এক জরুরি সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকারের সভাপতিত্বে সিন্ডিকেট সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. শাহিনুর রহমান, রেজিস্ট্রার ড. মসলেম উদ্দিন, পরিবহন প্রশাসক অধ্যাপক ড. মামুনুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠকে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠক শেষে উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকার সমকালকে বলেন, 'অনিবার্য কারণবশত শিক্ষার্থীদের বৃহৎ স্বার্থে, বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ক্যাম্পাস বন্ধ থাকবে। ক্লাস পরীক্ষা বন্ধ থাকলেও প্রশাসনিক কার্যক্রম চলবে বলে তিনি জানান।

**শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ :** বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট কাউন্সিলের সভাপতি অধ্যাপক ড. দেবাশীষ শর্মা সমকালকে বলেন, 'শিক্ষার্থীদের আজ সকাল ১০টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে। পরবর্তী সময়ে হল খোলার তারিখ জানানো হবে।

এদিকে দীর্ঘ ছুটি শেষে ক্যাম্পাস খোলার দু'দিন যেতে না যেতেই কর্তৃপক্ষ ফের বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করায় চরম ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষার্থীরা।

**শিক্ষকদের গাড়িতে দুর্বৃত্তদের হামলা :** শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বহনকারী একটি মাইক্রোবাসে হামলার ঘটনা ঘটেছে। বিশ্ববিদ্যালয়ের পরিবহন অফিস সূত্রে জানা যায়, শুক্রবার রাত পৌনে ৮টার দিকে কুষ্টিয়া শহরে শিক্ষক বহনকারী একটি মাইক্রোবাস লক্ষ্মীপুর নামক স্থানে এলে দুর্বৃত্তরা সেটি লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করে।